# বিদ্যামন্দির প্রাক্তনীবার্তা

পঁয়ত্রিশতম বর্ষ (প্রথম সংখ্যা), জানুয়ারি, ২০২৪



## Ramakrishna Mission Vidyamandira Alumni Association

P.O.: Belur Math, Howrah, West Bengal-711202

# সম্পাদকীয়

বিদ্যামন্দির এখন আর কেবলমাত্র ডিগ্রী কলেজে সীমাবদ্ধ নেই। এখন স্নাতকোত্তর পর্যায়ে বেশ কয়েকটি বিষয় পড়ানো ছাড়াও কয়েকটি বিষয়ে গবেষণার পর পি এইচ ডি, এম ফিল-এর ব্যবস্থাও হয়েছে। এসব স্বশাসনের অধিকারপ্রাপ্তির ফলেই সম্ভব হয়েছে। এছাড়াও যুগের সঙ্গে সামঞ্জস্য রেখে বেশ কয়েকটি সার্টিফিকেট কোর্সও চালু আছে। ছাত্রসংখ্যা স্বাভাবিকভাবেই বৃদ্ধি পেয়েছে। কলেজের বর্তমান পরিধি একটা আবাসিক কলেজ পরিচালনার পক্ষে অপ্রতুল—একথা আমরা সকলেই জানি। সম্প্রতি স্থানাভাবের কিছুটা সুরাহা হয়েছে ঠাকুরের কৃপায়। রিষড়ার 'বোস হাউস'-এ চালু হয়েছে বিদ্যামন্দিরের দ্বিতীয় ক্যাম্পাস।

গত আগস্টেই প্রাক্তনী বার্তায় ছাপা হয়েছিল পুনর্মিলন উৎসবের কথা। আগামী ১৮ ফেব্রুয়ারি, রবিবার বিদ্যামন্দির প্রাঙ্গণে অনুষ্ঠিত হচ্ছে বর্তমান-প্রাক্তন ছাত্র-শিক্ষক-শিক্ষাকর্মী-ছাত্রাবাসকর্মীদের এক মহামিলন। এ খবর এতদিনে নিশ্চয় কারও অজানা নেই। উৎসব উপলক্ষ্যে ঐ দিনই প্রকাশিত হয় পুনর্মিলন স্মরণিকা। স্মরণিকায় সন্নিবেশিত বিজ্ঞাপন-গুলির সাহায্যে উৎসবের বিপুল ব্যয়ভার কিছুটা লাঘব হয়। বিজ্ঞাপন সংগ্রহে প্রাক্তনীরা অনেকেই সহায়তা করে থাকেন প্রত্যেক বার। প্রাক্তনীদের কাছে আবেদন, দ্রুত কিছু বিজ্ঞাপনের ব্যবস্থা করে সংসদকে সহযোগিতা করুন। বিজ্ঞাপনের আরও অন্যান্য মাধ্যমও রয়েছে। সব কিছু সংসদের ওয়েবসাইটে পেয়ে যাবেন। ডাউনলোডও করে নিতে পারবেন। পুনর্মিলনের বিস্তারিত অনুষ্ঠানসূচী এই সংখ্যাতেই দেওয়া আছে। আসুন সপরিবারে। আবার দেখা যদি হল সখা...

—সুশান্ত দে, প্রধান সম্পাদক

## প্রাক্তনীবার্তা উপসমিতি ও সম্পাদকমণ্ডলী

আহ্বায়ক ও প্রধান সম্পাদক—সুশান্ত দে

সদস্যবৃন্দ— স্বামী মহাপ্রজ্ঞানন্দ (অধ্যক্ষ), বিশ্বনাথ দাস, নিত্যনিরঞ্জন কুণ্ডু, তপন কুমার ঘোষ, গৌতম মুখোপাধ্যায়, অভিজিৎ মাইতি, শুভেন্দু মজুমদার (কর্মসচিব)।

পৃষ্ঠা বিন্যাস ও অলঙ্করণ— প্রাক্তনীবার্তা উপসমিতির সদস্যবৃন্দ।

নিয়মিতভাবে প্রাক্তনী সংসদ ও বিদ্যামন্দিরের বিভিন্ন কার্যাবলী সম্পর্কে জানতে সংসদের ফেসবুক পেজ ফলো করুন— **Link: https://www.facebook.com/VidyamandiraAlumni**

**Email: alumnividyamandira@gmail.com**

**Website: www.alumnividyamandira.in**

"Take up one idea. Make that one idea your life—think of it, dream of it, live on that idea. Let the brain, muscles, nerves, every part of your body, be full of that idea, and just leave every other idea alone. This is the way to success."

—Swami Vivekananda

# রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ

## ২৮তম পুনর্মিলন উৎসব, ১৮ ফেব্রুয়ারি, ২০২৪ (রবিবার)

### সম্ভাব্য অনুষ্ঠানসূচী

| | |
|---|---|
| শ্রীভবন প্রার্থনাকক্ষে পূজানুষ্ঠান | সকাল ৭.০০ |
| বিদ্যামন্দির প্রাঙ্গণে পতাকা উত্তোলন | সকাল ৮.০০ |
| প্রাতঃরাশ | সকাল ৮.০০-১০.০০ |
| প্রদর্শনী ভলিবল ম্যাচ | সকাল ৯.০০-১০.০০ |
| সাংস্কৃতিক অনুষ্ঠান ও স্মৃতিচারণা* | সকাল ১০.০০-১২.০০ |
| মধ্যাহ্নভোজ | দুপুর ১.০০ |
| পুনর্মিলন সভা | দুপুর ২.৩০-৪.৩০ |
| চা পান | বিকাল ৪.৩০-৪.৪৫ |
| সান্ধ্য সাংস্কৃতিক অনুষ্ঠান | বিকাল ৫.০০-৬.১৫ |
| সন্ধ্যারতি | সন্ধ্যা ৬.৩০ |

*অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য অগ্রিম যোগাযোগ করুন—গৌতম মুখোপাধ্যায় (৯৮৩০১৮৮৮০৫)

### কয়েকটি জরুরী তথ্য

- এবারের পুনর্মিলনে প্রাক্তনীদের জন্য নির্ধারিত প্রদেয় অনুদান মাথাপিছু ৪০০ (চার শত) টাকা এবং প্রাক্তনীদের সঙ্গে আগত অতিথিদের জন্য প্রদেয় অনুদান মাথাপিছু ২৫০ (দুই শত পঞ্চাশ) টাকা। ২০২২ এবং ২০২৩-এ যারা বিদ্যামন্দির থেকে পাশ করেছে, তাদের প্রদেয় অনুদানও মাথাপিছু ২৫০ (দুই শত পঞ্চাশ টাকা)।
- বয়স্কদের জন্য ক্যাম্পাসে প্রয়োজনে হুইল চেয়ার, ই-রিক্সা (টোটো) ও বিশ্রামকক্ষ থাকবে।
- কলেজের মূল ভবনে লিফ্ট আছে, প্রয়োজনে স্বেচ্ছাসেবকদের সহায়তা নিতে অনুরোধ করি।
- বিদ্যামন্দিরের ফুটবল মাঠে গাড়ি পার্কিং-এর ব্যবস্থা থাকবে।
- পুনর্মিলনে যোগদানের জন্য যোগাযোগ করতে পারেন শ্রী অনুপ কুমার দাস, আহ্বায়ক, পুনর্মিলন উপসমিতি (মোবাইল ৯৪৩৩১৭৯৪৬৬)।
- বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন শ্রী সুশান্ত দে (মোবাইল ৯৪৩৩৩৪৬৩৫৩)।

**সবার সপরিবার সাদর আমন্ত্রণ রইল**

—শ্রী শুভেন্দু মজুমদার, কর্মসচিব

# আনন্দ সংবাদ

- বিদ্যামন্দিরের প্রাক্তনী (২০০১-০৬) এবং বিদ্যামন্দিরের শিল্প ও ফলিত রসায়ন বিভাগের বিভাগীয় প্রধান ডঃ উত্তম কুমার ঘোড়াই গত ৫ জুলাই, ২০২৩ নয়াদিল্লীর বিজ্ঞান ভবনে ভারত সরকারের অধীনস্থ বিজ্ঞানবিষয়ক কয়েকটি মন্ত্রক দ্বারা গঠিত কমিটির বিশিষ্ট সদস্য হিসাবে International Conference on Green Hydrogen 2023-এ Green Ammonia বিষয়ে তাঁর মতামত উপস্থাপিত করেন। প্রসঙ্গত উল্লেখ্য, ডঃ ঘোড়ই এবং তাঁর গবেষকদলের সদস্যরা বিদ্যামন্দিরের গবেষণাগারেই গত কয়েক বছর ধরে এ-বিষয়ে তাঁদের গবেষণাকার্য চালিয়ে যাচ্ছেন। ACS এবং অন্যান্য কয়েকটি উচ্চমানের আন্তর্জাতিক বিজ্ঞানবিষয়ক পত্রিকাতে তাঁদের নিবন্ধ প্রকাশিত হয়েছে। তাঁরা ইতিমধ্যে এ-বিষয়ে ভারতীয় এবং মার্কিন পেটেন্ট ফাইল করেছেন।

- সাম্প্রতিক ISRO প্রেরিত চন্দ্রযান-৩-এর চন্দ্রপৃষ্ঠে সফল অবতরণের অন্যতম কাণ্ডারি হলেন বিদ্যামন্দিরের এক উজ্জ্বল প্রাক্তনী শ্রী অমিত মাজি (শিক্ষাবর্ষ : ১৯৯৮-২০০১, পদার্থবিদ্যা সম্মানিক)। উক্ত অভিযানে তিনি আলোর সেন্সরের কাজের সঙ্গে যুক্ত ছিলেন। বাড়ি হাওড়া জেলার কমলচক গ্রামে। খিলা গোপীমোহন শিক্ষাসদন স্কুলে পড়াশোনা। বাবার নাম শচীন্দ্রনাথ মাজি। বিদ্যামন্দিরের পর রাজাবাজার সায়েন্স কলেজ থেকে ইলেকট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশনে বি.টেক। বর্তমানে শ্রী মাজি ISRO-র সিনিয়র সায়েনটিস্ট।

- চন্দ্রযান-৩ এর অভূতপূর্ব সাফল্যের আর এক নেপথ্য কারিগর হলেন শ্রী বিজয় কুমার দাই। শ্রী দাই বিদ্যামন্দির থেকে ২০০০-০২ সালে বিজ্ঞান বিভাগে উচ্চমাধ্যমিক পাস করেছিলেন। পরবর্তীকালে কল্যাণী সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ থেকে বি.টেক. এবং যাদবপুর থেকে এম.টেক. করেন। বীরভূম জেলার মল্লারপুরের দক্ষিণগ্রাম গ্রামে জগত্তারিণী বিদ্যায়তনে ইনি পড়াশোনা করেছিলেন। দরিদ্র চাষি পরিবারে তাঁর জন্ম। বাবার নাম নারায়ণ চন্দ্র দাই। বিশ্বজোড়া খ্যাতির কর্মকাণ্ডে ছেলের অংশগ্রহণে গর্বিত বিজয়ের বাবা-মা ও তাঁর গ্রামের মানুষজন। শ্রী দাই চন্দ্রযান-৩-এ 'অপারেশন টীম'-এর অন্যতম সদস্য ছিলেন।

- খুবই আনন্দের খবর এই যে, বিদ্যামন্দিরের প্রাক্তনী শ্রী দেবব্রত মাইতি (শিক্ষাবর্ষ: ১৯৯৮-০১, রসায়ন) CSIR প্রদত্ত শান্তিস্বরূপ ভাটনগর ২০২২ পুরস্কারের জন্য নির্বাচিত হয়েছেন। ৪৫ বছরের কম বয়সী বিজ্ঞানীদের বিজ্ঞান ও প্রযুক্তিতে উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতিতে এই পুরস্কার দেওয়া হয়। পুরস্কারস্বরূপ দেওয়া হয় ৫ লক্ষ টাকা নগদ ও একটি সুদৃশ্য প্লেক। সন্ধিগত মৌলের অনুঘটন ক্ষমতাকে কাজে লাগিয়ে জীবনদায়ী ঔষধ থেকে কীটনাশক পর্যন্ত বিভিন্ন কিছুর উদ্ভাবনে দিশা দিচ্ছে তাঁর কাজ। দ্বাদশ শ্রেণি পর্যন্ত দেবব্রতর পড়াশুনা পূর্ব মেদিনীপুরে তমলুকের শ্রীরামপুর গ্রামের স্থানীয় কৃষি উচ্চ বিদ্যালয়ে। তারপর স্নাতক স্তরে পড়াশুনা বিদ্যামন্দিরে। স্নাতকোত্তর স্তরে পড়াশুনা করেন মুম্বাই আই.আই.টি. তে। আমেরিকার জন্ হপকিন্স বিশ্ববিদ্যালয় থেকে পি.এইচ.ডি. এবং ম্যাসাচুসেটস ইন্সটিটিউট অফ টেকনোলজি থেকে পোস্ট ডক্টরাল গবেষণা সেরে দেশে ফিরে ২০১১ সালে মুম্বাই আই.আই.টি.-তে শিক্ষকতায় যোগদান।

- শান্তিস্বরূপ ভাটনগর ২০২২ পুরস্কারে সম্মানিত হয়েছেন বিদ্যামন্দিরের আর এক প্রাক্তনী শ্রী অনিন্দ্য দাস। উল্লেখ্য, অনিন্দ্য ও দেবব্রত দুজনেই ছিলেন বিদ্যামন্দিরে সতীর্থ। অনিন্দ্যর বিষয় ছিল পদার্থবিদ্যা। কোয়ান্টাম প্রযুক্তিতে তাঁর গবেষণার প্রয়োগ উল্লেখযোগ্য। অনিন্দ্য বর্তমানে বেঙ্গালুরুর ইন্ডিয়ান ইন্সটিটিউট অফ সায়েন্সের পদার্থবিদ্যা বিভাগে শিক্ষকতার পাশাপাশি সেখানকার কোয়ান্টাম ট্রান্সপোর্ট ল্যাবরেটরির প্রিন্সিপাল ইনভেস্টিগেটর। আপনাদের জ্ঞাতার্থে জানাই যে, এবারে ভাটনগর পুরস্কারপ্রাপ্ত ১২ জন বিজ্ঞানীদের মধ্যে ২ জনই হলেন বিদ্যামন্দিরের প্রাক্তনী।

❖ বিদ্যামন্দিরের প্রাক্তনী আসাদুল আদলদার (২০১৬-১৮, ফলিত রসায়ন, স্নাতকোত্তর বিভাগ) Materials Research Society of India, Kolkata Chapter কর্তৃক Young Scientist Award 2023-এ ভূষিত হয়েছেন। Advanced Materials Research-এ উল্লেখযোগ্য অবদানের জন্য গত ১ ডিসেম্বর তাঁকে এই সম্মাননা দেওয়া হয়। প্রসঙ্গত উল্লেখ্য, শ্রী আদলদার বিদ্যামন্দিরের আর এক উজ্জ্বল প্রাক্তনী ডঃ উত্তম কুমার ঘোড়ই-এর অধীনে বিদ্যামন্দিরে গবেষণার কাজে যুক্ত।

❖ এবারে শিক্ষক দিবসে জাতীয় পুরস্কারে ভূষিত হলেন বিদ্যামন্দিরের প্রাক্তনী (শিক্ষাবর্ষ : ১৯৯১-৯৪, রসায়ন) শ্রী সোহম সেনগুপ্ত। শিক্ষক দিবসে রাষ্ট্রপতির হাত থেকে তিনি পুরস্কার গ্রহণ করেন। পুরস্কারের মধ্যে ছিল সার্টিফিকেট, রৌপ্য ফলক ও নগদ ৫০,০০০ টাকা। বিদ্যামন্দির থেকে পাশ করার পর শ্রী সেনগুপ্ত IIT Kanpur থেকে ১৯৯৬ সালে M.Sc. এবং আমেরিকার Carnegie Mellon University থেকে ২০০২ সালে Ph.D. করেন। এরপর আমেরিকা থেকে Post Doctorate করে ২০০৬ সালে পুনার National Chemical Laboratory তে যোগ দেন। ২০১৬ সাল থেকে তিনি কলকাতার IISER-এর অধ্যাপক।

❖ বিদ্যামন্দিরের প্রাক্তনী ডাঃ জয়ন্ত রায় (শিক্ষাবর্ষ: ১৯৮৪-৮৬) সম্প্রতি F.R.C.P. (Fellow of Royal College of Physicians, U.K.) সম্মান লাভ করেছেন। তিনি বর্তমানে কলকাতার Institute of Neuroscience-এর চিকিৎসক।

বিদ্যামন্দির পরিবার এঁদের সকলের জন্য গর্বিত।

## প্রয়াণ বার্তা



● গত ২১.১১.২০২৩ তারিখ সন্ধ্যা সাড়ে পাঁচটায় বিদ্যামন্দিরের অর্থনীতি বিভাগের ভূতপূর্ব বিভাগীয় প্রধান অধ্যাপক মৃন্ময় ভট্টাচার্য ৮৩ বছর বয়সে তাঁর সিঁথির বাসভবনে পরলোকগমন করেছেন। ১৯৬৫ থেকে ২০০০ পর্যন্ত তিনি বিদ্যামন্দিরে অধ্যাপক ছিলেন। এর একটি প্রধান অংশ জুড়ে তিনি ছিলেন বিভাগীয় প্রধান। ছাত্রবৎসল এই অধ্যাপক ছাত্রদের মধ্যে খুবই জনপ্রিয় ছিলেন। অধ্যাপক ভট্টাচার্য জাতীয় এবং আন্তর্জাতিক শিক্ষক আন্দোলনের অগ্রণী নেতা ছিলেন। ১৯৮০ থেকে ১৯৯৯ পর্যন্ত তিনি ছিলেন AIFUCTO-র সাধারণ সম্পাদক। ১৯৯৮ থেকে ২০০৭ পর্যন্ত মৃণ্ময়বাবু ছিলেন বিশ্ব শিক্ষক সংস্থার সাধারণ সম্পাদক। নেতৃত্ব দেবার এক অসাধারণ ক্ষমতা ছিল তাঁর। নানা ব্যস্ততা সত্ত্বেও বিদ্যামন্দিরের নিত্য-নৈমিত্তিক নানা কর্মকাণ্ডের সঙ্গে নিজেকে যুক্ত রাখার চেষ্টা করতেন তিনি। প্রাক্তন ছাত্রদের পুনর্মিলন উৎসবে সোৎসাহে যোগ দিতেন। বছর দুয়েক আগে তাঁর আত্মজীবনী 'Never Give Up' প্রকাশিত হয়েছে দিল্লীর একটি প্রকাশনা সংস্থা থেকে। বইটিতে তাঁর সংগ্রামী জীবনের অসাধারণ বিবরণ, বিশেষত তাঁর রাজশাহীর জীবনের অনেক অজানা তথ্য স্থান পেয়েছে। দীর্ঘদিন যাবৎ তিনি দুরারোগ্য পার্কিনসন রোগে আক্রান্ত ছিলেন।

● ২৭ অক্টোবর, ২০২২ তারিখে কলকাতায় প্রয়াত হয়েছেন বিদ্যামন্দিরের ১৯৬১-৬৪ ব্যাচের প্রাক্তনী অমলবরণ চট্টোপাধ্যায়। বিদ্যামন্দির থেকে ইংরাজীতে স্নাতক হওয়ার পর কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর পাশ করেন। পরে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে আইন পাশ করেন। তিনি স্কুলজীবনে কোনোদিন দ্বিতীয় হন নি। পেশাগত জীবনে প্রথমে হাওড়ার রামকৃষ্ণ শিক্ষালয়ে শিক্ষকতা করেন। পরে কলকাতার মণীন্দ্রচন্দ্র কলেজে লেকচারার পদে যোগ দেন। এছাড়াও কলকাতার ক্ষুদিরাম বোস কলেজ ও হাওড়ার দীনবন্ধু কলেজে অংশকালীন অধ্যাপক হিসাবে কাজ করেন। তিনি কলকাতা হাইকোর্টের একজন সিনিয়র এডভোকেট ছিলেন। তাঁর নিজ ভ্রাতা শ্যামলবরণ চট্টোপাধ্যায়ও বিদ্যামন্দিরের প্রাক্তনী (শিক্ষাবর্ষ ১৯৬৮-৭১)।

- কলকাতার প্রাক্তন পুলিশ কমিশনার এবং বিশিষ্ট বিদ্যামন্দির প্রাক্তনী (শিক্ষাবর্ষ ১৯৫৬-৫৮) তুষার কান্তি তালুকদার গত ৯ জানুয়ারি প্রয়াত হয়েছেন। ১৯৯২ থেকে ১৯৯৬ সাল পর্যন্ত কলকাতার পুলিশ কমিশনার ছিলেন তুষারবাবু। বয়স হয়েছিল ৮৫ বছর। শ্বাসকষ্টের সমস্যা দেখা দেওয়ায় ৭ জানুয়ারি তাঁকে কলকাতার একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে হৃদযন্ত্রেও সমস্যা খুঁজে পান চিকিৎসকেরা। ৯ জানুয়ারি বেলা ১১টা ৫৩ মিনিটে হৃদরোগে আক্রান্ত হয়ে তিনি পরলোকগমন করেন।
- গভীর বেদনার সঙ্গে জানাই বিদ্যামন্দিরের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ২০০৩-০৬ শিক্ষাবর্ষের প্রাক্তনী ড. পরীক্ষিৎ ঠাকুর গত ৮ জানুয়ারি, ২০২৪ আকস্মিক ভাবে হৃদরোগে আক্রান্ত হয়ে প্রয়াত হয়েছেন। কর্মজীবনে পরীক্ষিৎ প্রথমে মেদিনীপুর গোপ কলেজ এবং এরপর কৃষ্ণনগর দ্বিজেন্দ্রলাল কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগে কৃতিত্বের সঙ্গে অধ্যাপনা করেন। পাশাপাশি তিনি জাতীয় এবং আন্তর্জাতিক স্তরের পত্র-পত্রিকায় ও গবেষণাগ্রন্থে কয়েকটি গুরুত্বপূর্ণ নিবন্ধ প্রকাশ করেন। মাত্র আটত্রিশ বছর বয়সে মেধাবী, নিষ্ঠাবান, পরিশ্রমী, নম্রস্বভাব ও প্রতিশ্রুতিমান এই তরুণ প্রাক্তনীর অকালপ্রয়াণে আমরা শোকস্তব্ধ।

  শ্রীশ্রীঠাকুর, শ্রীশ্রীমা ও স্বামীজীর কাছে এঁদের বিদেহী আত্মার চিরশান্তি প্রার্থনা করি এবং এঁদের শোকসন্তপ্ত স্বজনবর্গকে জানাই আন্তরিক সমবেদনা।

## প্রকাশনা সংবাদ

গত ২৭.০৮.২৩ তারিখে বিদ্যামন্দিরের প্রাক্তনী কবি দেবাশীষ মুখোপাধ্যায় (শিক্ষাবর্ষ ১৯৮৭-৯০, অর্থনীতি)-এর চতুর্থ কবিতা সংকলন 'বনসাই চাঁদ' প্রকাশিত হলো রয়্যাল কমপ্লেক্স কমিউনিটি হল, কাঁঠাল বাগান, উত্তরপাড়ায় বিশিষ্ট কবি ও সাহিত্যিকদের উপস্থিতিতে এক অনুষ্ঠানে। ঐদিন অনুষ্ঠানে উপস্থিত কবিরা স্বরচিত কবিতা পাঠও করেন। দেবাশীষ লিলুয়ার একটি বিদ্যালয়ে শিক্ষকতার সঙ্গে যুক্ত।

## News from Vidyamandira

*(June 2023 to November2023)*

### 1) Seminars & Lectures:

**a) Memorial Lecture:** The following Memorial/Endowment Lectures were organized during the said period:

| Date | Memorial/ Endowment Lecture | Topic | Speaker |
|---|---|---|---|
| 12-07-2023 | Swami Vimuktananda Memorial Lecture | Foundation Day Lecture | Swami Chandrakantananda |
| 05-08-2023 | Prof. Suresh Chandra Sengupta Memorial Lecture | My Reminiscences of Chemistry | Prof. Sabyasachi Sarkar, Emeritus Professor, IISET, Shibpur |
| 09-08-2023 | Prof. Sujit Ghosh Memorial Lecture | Homo Behavioralis-Sapiens beyond the rational fools | Dr. Ritwik Banerjee, IIM, Bangalore |
| 08-09-2023 | Dr. Satyabrata Pahari Memorial Lecture | মায়া ও মায়াবাদ : একটি শব্দের দার্শনিক তত্ত্বে উৎকর্ষণ | Prof. Souvik Biswas, Jhargram Raj College |

| | | | |
|---|---|---|---|
| 12-09-2023 | Prof. Shibani Manna Memorial Lecture | Research on Down Syndrome: Where we are and where we have to go ? | Dr. Sujay Ghosh, Calcutta University |

## b) Special Lecture and Weekly Seminar:

Weekly & Departmental seminars, Extension & Special Lectures organized during the period are enlisted in the next page:

| Date | Topic | Speaker |
|---|---|---|
| 05-07-2023 | 1)Discrete dyanamical systems and examples, 2) Notion of dyanamical systems 3) Looking at the flow generated by different equations as a smooth dyanamical system | Dr. Anupam Pal Chowdhury, School of Mathematical Science, NISER, Bhubaneswar |
| 11-07-2023 | Controlling Molecular Self-Assembly toward task-specific Porous Materials | Dr. Abhijit Patra, IISER, Bhopal |
| 15-07-2023 | 1)The Four Valid Goals of Life 2)Vedic Mathematics | 1) Sri S. Swaminathan, Vedanta Teacher, Arsha Vidya Sampradaya 2) Sri Krishna Prakash, Founder, The Indic Foundation |
| 16-07-2023 | 1) Yoga for Healthy Living 2) Artha Sastra & Chnakya Niti 3) Leadership lessons | 1) Sri Krishna Prakash, Founder, The Indic Foundation 2) Sri Aditya Kuchibhotla, FCA PCC (International Coaching Federation) 3) Kumari Gowri Priya Sethuram, Founder, Indian Shades |
| 22-07-2023 | The Selfish Gene | Sri Sayantan Roy, UG-II Yr., Zoology Hons. |
| 25-07-2023 | Discussion on Global Market Agglomeration International Trade and Institutions | Dr. Joy Das, Dyson School of Applied Economics & Management and Jeb E. Brooks School of Public Policy, Cornell University, USA |
| 28-07-2023 | The Selfish Gene | Sri Souptik Ishwar, UG-III Yr., Zoology Hons. |
| 06-08-2023 | Demonstration on Indian Heritage & Culture (Mohan Veena) | 1) Pt. Vishwa Mohan Bhatt, The Grammy Awardee & Padma Bhushan 2) Shri Rupak Bhattacharya, Renowned Tabla Player |

| | | |
|---|---|---|
| 12-08-2023 | Chemistry in History (not the History of Chemistry) | Dr. Anirban Samanta, RKMV |
| 14-08-2023 | Subaltern Historiography : Past & Present | Prof. Anil Kumar Sarkar, Calcutta University |
| 19-08-2023 | The English and Dutch in the Spice Race: Some points from maritime mercantile activity | Sriman Archisman Patra, PG- II Yr., History |
| 30-08-2023 | NIRF Ranking : Preparation at college Level | Swami Shastrajnanandaji Maharaj, Secretary, RKMA, Narendrapur |
| 01-09-2023 | বৈজ্ঞানিক সখ যখন সেবায় | Sri Amabarish Nag Biswas, Secretary & Custodian, West Bengal Radio Club |
| 08-09-2023 | Nurturing Budding Poets | Prof. Gopal Chandra Bayen |
| 16-09-2023 | Present Geo-Political Standpoint of India | Sriman Akash Sarkar, UG-I, Political Science [Hons] |
| 16-09-2023 | Elucidation and Clarification on NPTEL Courses | Mr. Shib Shankar Das, Sr. Manager, NPTEL, IIT Madras |
| 26-09-2023 | Bio-supramolecular assembly for biological drug delivery | Sri Arijit Bhattacharyya, UG-III Yr., Chemistry [Hons.] |
| 30-09-2023 | Designing of MexB efflux inhibitors using Molecular Dynamics Simulations and Machine Learning Approach | Prof. Niladri Patra, IIT (ISM), Dhanbad |
| 30-09-2023 & 01-10-2023 | Two-day workshop on Rabindra Sangeet | Srabani Sengupta, Eminent Singer |
| 07-10-2023 | Indian Music Therapy | Dr. Karuna Nagarajan, Founder, Svaraveda Foundation |
| 08-10-2023 | Modern Trends in Linux Administration | Mt. Tuhin Sinha, Founder & CEO, AGM Technologies |
| 08-10-2023 | What we should know: ‘Basics of Diabatics, Arthritis & Basic Life Support (Physical Well Being) | 1) Dr. Narayan Banerjee, MD, FRCP, Apollo Multispeciality Hospital, Kolkata 2) Dr. Bikash Majumder, MD, MRCP, FRCP, CCT, Sr. Cardiologist, Apollo Multispeciality Hospital, Kolkata |
| 12-10-2023 | Nurturing Budding Poets | Prof. Gopal Chandra Bayen |

| | | |
|---|---|---|
| 12-10-2023 & 13-10-2023 | How to master analytical methods in Chemistry- A few illustrations | 1) Nitin Chattopadhyay, Jadavpur University 2) Priyatosh Dutta, Ananda Mohan College 3) Anjan Banerjee, Presidency University 4) Sanchita Goswami, Calcutta University |
| 16-10-2023 & 17-10-2023 | 1) Maldive and it's Buddhist Connection 2) Saivism in Tripura : Linkage with Devaraj Cult of South Asia 3) Influence of Sahajiya Buddhism on Baul-Faqir Cults of Bengali Folk Culture 4) Understanding Sufism in Medival India | 1) Prof. Susmita Basu Majumdar, Calcutta University 2) Prof. Projit Kumar Palit, Assm university 3) Prof. Md. Sirajul Islam, Visva-Bharati, Santiniketan 4) Prof. Amit Dey, Calcutta University |

## 3) Activities of NSS & NCC Wings of Vidyamandira:

The NSS Wing organised the following:

(a)'General Health Check-up Camp' on 16th September 2023. (b) An awareness program on 'Students' Scholarship' on 23rdSeptember 2023. (c) A 'Blood Donation Camp' on 11th September 2023 & 28th September, 2023.

## 4) Cultural Events:

(a) **Observance of 77th Independence Day:** 77th Independence Day was observed at college campus.

(b) Vidyarthi Vrata Homa & Bhratrivarana Ceremony was held on 21stSeptember 2023 at college campus.

## 5) Teachers' Achievements:

***Prof. Uttam Kumar Ghorai***, HoD of Industrial & Applied Chemistry Dept. has delivered his views as the Chief Guest about 'Green Ammonia' in context of The National Green Hydrogen Mission at New Delhi's Vigyan Bhawan on 5th July, 2023, organised by Ministry of New & Renewable Energy, Ministry of Petroleum & Natural Gas, Govt. of India.

## 6) Students' Achievements:

(I) Sri Sourav Pal, Research Scholar (Applied Chemistry), has received an Overseas Visiting Doctoral Fellowship (OVDF) from Science and Engineering Research Board, Govt. of India. He will carry out this research work for the period of 12 months with a fellowship of Rs. 1,65,000 per month (II) *Sri Subham Halder & Sri Newton Mondal*, UG-II, Zoology (Hons.) secured 2nd position in Poster Presentation Competition organised by WWF on the occasion of International Tiger Day on 25th July 2023. (III) *Sri Abhijnan Basu Majumdar*, PG-II, History, secured 3rd position in essay competition organised by

Ramakrishna Mission Residential College, Narendrapur. (IV) *Sri Manmatha Chakrabarti & Sri Sitaj Bag*, got 2nd position and Sri Meghdeep Banerjee got 3rd at Elocution Competition organised by Ramakrishna Mission Residential College, Narendrapur.(V) Sri Soumya Chatterjee, Computer Science [Hons.] has received '1% Topper Badge' with Elite grade after completion of NPTEL Online Certification Course on 'Database Management System'.

**7) Some Other Information:**

a) Our College received the 'NPTEL STAR AWARD' in the SWAYAM NPTEL SPOC Workshop organised by IIT Kharagpur on 1st July 2023.

b) Our College Volleyball Team has won the Annual Inter-College Men's Volleyball Tournament which was held on 4th October 2023 at Don Bosco, Liluah School Campus.

c) It is indeed a matter of pride for our institution that Prof. Marc Robert, a distinguished Professor of Chemistry at the Université Paris Cité visited our college from 9th September 2023 to 12th September 2023 and shared his valuable knowledge to our students.

## বিদ্যামন্দিরের দ্বিতীয় ক্যাম্পাস

বিদ্যামন্দিরের দ্বিতীয় ক্যাম্পাস চালু হতে চলেছে রিষড়ার 'বোস হাউস'-এ। এই নতুন ক্যাম্পাসে অনলাইন ও অফলাইন ব্যবস্থায় বিভিন্ন সাংস্কৃতিক ও একাডেমিক সার্টিফিকেট কোর্স শীঘ্রই চালু হবে। অনলাইন কোর্সে প্রাচীন ভারতীয় ভাষা (সংস্কৃত, পালি ইত্যাদি) ও আধুনিক অন্যান্য ভাষার প্রশিক্ষণ দেওয়া হবে। অফলাইন কোর্সে বিভিন্ন বাদ্যযন্ত্রের তালিম দেওয়া হবে। বিদ্যামন্দিরের NSS শাখা ইতিমধ্যে এই ক্যাম্পাসে স্বাস্থ্য শিবির, সচেতনতা ও কিছু প্রশিক্ষণমূলক কার্যক্রম গ্রহণ করেছে।



বোস হাউস ক্যাম্পাসের উদ্বোধনে বিশিষ্টজনেরা



বোস হাউস



প্রাক্তনী নির্মলেন্দু শাসমলের স্ত্রী শ্রীমতী দীপ্তি শাসমল কর্তৃক অধ্যক্ষ মহারাজের হাতে দু'লক্ষ টাকার চেক প্রদান



বিদ্যামন্দিরে ৭৭ তম স্বাধীনতা দিবস উদযাপন

# বার্ষিক সাধারণ সভা, ২০২৩ : একটি সংক্ষিপ্ত প্রতিবেদন

বিদ্যামন্দিরের প্রাক্তনী সংসদের ৩৬ তম বার্ষিক সাধারণ সভা গত ১৫ আগস্ট, ২০২৩ দুপুর ২-৩০ মিনিটে বিদ্যামন্দিরের বিবেকানন্দ হল্-এ অনুষ্ঠিত হয়। বিদ্যামন্দিরের পরম্পরা মেনে অধ্যক্ষ মহারাজ স্বামী মহাপ্রজ্ঞানন্দ ও উপাধ্যক্ষ মহারাজ ব্রঃ তত্ত্বচৈতন্য সমবেতভাবে বৈদিক মন্ত্রোচ্চারণ করেন। এরপর শ্রী তপন কুমার ঘোষ মহাশয়ের সভাপতিত্বে সভা শুরু হয়। শুরুতে বিদ্যামন্দিরের যে-সমস্ত সদস্য বিগত বার্ষিক সাধারণ সভার পর আমাদের ছেড়ে চলে গেছেন তাঁদের বিদেহী আত্মার শান্তি কামনা করে এক মিনিট নীরবতা পালন করা হয়।

অতঃপর বিদ্যামন্দিরের অধ্যক্ষ মহারাজ বিগত এক বৎসরে বিদ্যামন্দিরের উল্লেখযোগ্য কার্যাবলীর বিবরণ দেন। ২০২৩-এর তথ্য অনুযায়ী বিদ্যামন্দির NIRF (National Institutional Ranking Framework)-এ College category-তে ১৫ তম স্থান দখল করেছে। বর্তমান বৎসর থেকে NEP 2020 শুরু হয়েছে। UGC-র নিয়ম মেনে চার বৎসরের সাম্মানিক কোর্স চালু হয়েছে। চার বৎসর পর ছাত্রাবাসের সমস্যা দেখা দেওয়ার কথা মহারাজ উল্লেখ করেন। শিল্প রসায়ন বিভাগের প্রধান অধ্যাপক ড. উত্তম কুমার ঘড়ুই-এর Green Urea, Green Ammonia ইত্যাদি গবেষণার কথা সভায় উল্লেখ করা হয়। বর্তমান সময়ে বাইরের রাজ্য থেকে ছাত্র পড়তে আসার ক্ষেত্রে কোভিড প্রতিবন্ধকতার সৃষ্টি করেছে। সারদাপীঠের সম্পাদক মহারাজ হিসাবে স্বামী শাস্ত্রজ্ঞানন্দ (সঞ্জীব মহারাজ)-এর স্থলে স্বামী শুকদেবানন্দ (ভেঙ্কটেশ মহারাজ)-এর আসার খবর সভায় উল্লেখ করা হয়। বিদ্যামন্দিরের দ্বিতীয় ক্যাম্পাস রিষড়ায় বোস্ হাউস্ রূপে আত্মপ্রকাশের সংবাদ সভায় পরিবেশিত হয়। ছাত্রবৃত্তি ও স্বাস্থ্যপ্রকল্পে প্রাক্তনী সংসদের কাছ থেকে বিদ্যামন্দির অনেক সাহায্য পেয়েছে বলে উল্লেখ করা হয়।

এরপর সভায় প্রাক্তনী সংসদের কাজকর্মের বার্ষিক প্রতিবেদন (২০২২-২৩) এবং বার্ষিক আয়-ব্যয়ের (অর্থবর্ষ ২০২২-২৩) প্রতিবেদন পেশ করা হয়। সংক্ষিপ্ত আলোচনার পর এই প্রতিবেদন দুটি সভায় গৃহীত ও অনুমোদিত হয়। আগামী ২০২৩-২৪ অর্থবর্ষের জন্য কলকাতার M/s T. K. Das & Associates-কে অডিটর নিয়োগ করা হয়।

প্রতিবারের মত এবারেও প্রাক্তনী শ্রী তুলসীদাস বন্দ্যো-পাধ্যায় 'আচার্য ঋণ স্বীকার প্রকল্পে' বিদ্যা-মন্দিরের অধ্যক্ষ মহারাজের হাতে মোট ৪৫,৮৩৩ টাকা তুলে দেন।

প্রাক্তনী সংসদের সভাপতি শ্রী তপন কুমার ঘোষ বলেন, প্রাক্তনী সংসদের কাজের পরিধি বহুগুণ বেড়েছে। অনুদান বাবদ অর্থের পরিমাণও বৃদ্ধি পেয়েছে। এই কাজ এগিয়ে নিয়ে যাওয়ার জন্য তিনি প্রত্যেক প্রাক্তনীকে অভিনন্দন জানান।

এরপর আনুষ্ঠানিক ধন্যবাদ জ্ঞাপন করেন প্রাক্তনী সংসদের সহ-সভাপতি শ্রী মনোজ কুমার ভট্টাচার্য মহাশয়।

এরপর সমবেত কণ্ঠে জাতীয় সঙ্গীত গাওয়া হয়। পরিশেষে সভাপতি মহাশয় সভার সমাপ্তি ঘোষণা করেন।




*বার্ষিক সাধারণ সভা, ২০২৩*

# প্রাক্তনী সংসদ সমাচার

রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের সব প্রকল্পগুলিতে দীর্ঘদিন ধরে নিয়ম অনুযায়ী কাজ হয়ে চলেছে। এই কর্মযজ্ঞের একটি সংক্ষিপ্ত রূপরেখা দেওয়া হল।

**স্বাস্থ্য প্রকল্প:** বিগত কয়েক মাস যাবৎ লক্ষ্য করা যাচ্ছে যে বিদ্যামন্দির পরিবারের অন্তর্গত ছাত্র ও শিক্ষাকর্মী বা ছাত্রাবাসকর্মীদের স্বাস্থ্য প্রকল্প তহবিল থেকে সাহায্যের প্রয়োজন রয়েছে। বিগত জুলাই থেকে ডিসেম্বরের মধ্যে সংসদের পক্ষ থেকে মোট ২০০০০ টাকা খরচ করা হয়। এরমধ্যে বিদ্যামন্দিরের দুইজন শিক্ষাকর্মীকে ১৫০০০টাকা সাহায্য করা হয় এবং শিক্ষণমন্দিরের একজন ছাত্রের চিকিৎসা বাবদ ৫০০০ টাকা সাহায্য প্রদান করা হয়েছে।

**ছাত্রবৃত্তি প্রকল্প:** এই প্রকল্পে বিগত অর্থবর্ষে বিদ্যামন্দিরের ছাত্রদের জন্য ৬,৭৯,৮০০ টাকা ব্যয় হয়েছে। এইখাতে ২০২১-২২ অর্থবর্ষে সংসদের পক্ষ থেকে ৪৯ জন বিদ্যামন্দিরের ছাত্রদের জন্য ৬,৩০,০০০ টাকা দেওয়া হয়েছিল। গত জুলাই থেকে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত বিদ্যামন্দিরের সদ্য প্রাক্তনীদের উচ্চশিক্ষার জন্য ৫০০০০ টাকা ব্যয় করা হয়েছে। বিদ্যামন্দিরের ২০০২-০৫ শিক্ষাবর্ষের ছাত্রদের দ্বারা গঠিত তহবিল থেকে সদ্য স্নাতক ছাত্রদের উচ্চশিক্ষার জন্য এই অনুদান দেওয়া হয়। এছাড়া বিদ্যামন্দিরের বাইরে অন্যান্য প্রতিষ্ঠানের ৩ জন ছাত্রকে ১৪০০০ টাকা অনুদান দেওয়া হয়েছে। বিদ্যামন্দিরের বর্তমান ছাত্রদের দেয় বৃত্তির তথ্য সংসদের ওয়েবসাইটে দেওয়া হয়ে থাকে। ছাত্রবৃত্তি প্রকল্পে সাহায্যের জন্য প্রয়োজন বেড়েই চলেছে। আমরা নিয়মিত বিদ্যামন্দিরের বাইরের ছাত্রদের কাছ থেকেও আবেদন পেয়ে থাকি। বিভিন্ন শিক্ষাবর্ষের প্রাক্তনীগণ ছাত্রবৃত্তি প্রকল্পে নিয়মিত অর্থ সাহায্য করে চলেছেন। সংসদের পক্ষ থেকে এঁদের সকলকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

**রাণী রাসমণি স্মারক বক্তৃতা:** গত ১৫ আগস্ট, ২০২৩ তারিখে বেলা ১১.৩০ মিনিটে বিবেকানন্দ সভাগৃহে এই বক্তৃতার আয়োজন করা হয়। এই বৎসরের বক্তৃতার বিষয় ছিল 'ভগিনী নিবেদিতা ও স্বদেশীযুগের বাংলা : জাতীয়তাবাদের অন্য ইতিহাস'। এই বক্তৃতাসভায় বক্তা হিসাবে উপস্থিত ছিলেন কলকাতার স্কটিশচার্চ কলেজের ইতিহাস বিভাগের অধ্যাপক ও উপাধ্যক্ষ ডঃ সুপ্রতিম দাস।



*ভাষণরত ডঃ সুপ্রতিম দাস*

এছাড়াও সভায় বক্তব্য রাখেন রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দিরের অধ্যক্ষ স্বামী মহাজ্ঞানন্দ, উপাধ্যক্ষ ব্রঃ তত্ত্বচৈতন্য এবং প্রাক্তনী সংসদের সভাপতি শ্রী তপন কুমার ঘোষ মহাশয়। সভায় স্বাগত ভাষণ দেন প্রাক্তনী সংসদের সম্পাদক শ্রী শুভেন্দু মজুমদার। অনুষ্ঠানটি খুবই মনোজ্ঞ ও তথ্যসমৃদ্ধ ছিল, যা সকলকে মুগ্ধ করে। এইদিন সভামঞ্চে বিদ্যামন্দির প্রকাশিত এবং অধ্যাপক গৌতম মুখোপাধ্যায় সম্পাদিত 'দেশবন্ধু' শীর্ষক গ্রন্থটির আনুষ্ঠানিক প্রকাশ ঘটে।

**বার্ষিক সাধারণ সভা:** গত ১৫ আগস্ট, ২০২৩ তারিখে দুপুর ২-৩০ মিনিটে বিবেকানন্দ হলে চিরাচরিত প্রথা মেনে বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের ৩৫-তম 'বার্ষিক সাধারণ সভা' অনুষ্ঠিত হয়। এই সভায় প্রায় ৭২ জন প্রাক্তনী উপস্থিত ছিলেন। এই সভার বিবরণ প্রাক্তনীবার্তায় পৃথকভাবে দেওয়া হয়েছে।

**স্বামী শিবময়ানন্দ স্মারক বক্তৃতা:** রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের উদ্যোগে তৃতীয় 'স্বামী শিবময়ানন্দ স্মারক বক্তৃতা' অনুষ্ঠিত হল গত ৬ জানুয়ারি, ২০২৪, সারগাছি রামকৃষ্ণ মিশন আশ্রমে দুপুর ১.৩০ মিনিটে। এই অনুষ্ঠান আয়োজনে সারগাছি রামকৃষ্ণ মিশন উচ্চ বিদ্যালয় প্রাক্তনী সংসদ সক্রিয় সহযোগিতা করে। স্মারক বক্তৃতা প্রদান করলেন রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশনের বরিষ্ঠ সন্ন্যাসী স্বামী দেবরাজানন্দজী মহারাজ। বক্তৃতার বিষয় ছিল—সেবাব্রতে রামকৃষ্ণ মিশন।



*স্মারক বক্তৃতারত স্বামী দেবরাজানন্দ*

একই অনুষ্ঠানে সারগাছি রামকৃষ্ণ মিশন উচ্চ বিদ্যালয়ের ছাত্র শ্রীমান সুনীত হোড়-এর হাতে 'স্বামী শিবময়ানন্দ স্মারক পুরস্কার-২০২৩' তুলে দেন স্বামী বিশ্বনাথানন্দজী মহারাজ।



*স্মারক পুরস্কার-প্রাপক শ্রীমান সুনীত হোড়*

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সারগাছি রামকৃষ্ণ মিশন আশ্রমের সম্পাদক স্বামী বিশ্বময়ানন্দ, রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশনের সন্ন্যাসী স্বামী ভক্তিপ্রিয়ানন্দ, বিদ্যামন্দিরের অধ্যক্ষ স্বামী মহাপ্রজ্ঞানন্দ, সারগাছি রামকৃষ্ণ মিশন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক স্বামী তপোনিষ্ঠানন্দ, বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের সহ-সভাপতি শ্রীমনোজ ভট্টাচার্য, সম্পাদক শ্রী শুভেন্দু মজুমদার, প্রাক্তনী সংসদের কার্যনির্বাহী সমিতির অন্যতম সদস্য শ্রী গৌতম মুখোপাধ্যায়, সারগাছি রামকৃষ্ণ মিশন উচ্চ বিদ্যালয় প্রাক্তনী সংসদের সভাপতি শ্রী অসিত চট্টোপাধ্যায় মহাশয়। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন প্রাক্তনী শ্রী গৌতম মুখোপাধ্যায়। এই অনুষ্ঠানে আশ্রমের সন্ন্যাসী ও ব্রহ্মচারিবৃন্দ, সারগাছি রামকৃষ্ণ মিশন উচ্চ বিদ্যালয়ের ছাত্র ও শিক্ষকবৃন্দ এবং ভক্তবৃন্দ মিলিয়ে প্রায় ৬০০ জন শ্রোতা উপস্থিত ছিলেন। এই অনুষ্ঠানটি যথেষ্ট মনোজ্ঞ হয়েছিল।

**সেবাকার্য:** গত ৬ জানুয়ারি, ২০২৪ মুর্শিদাবাদের জলঙ্গিতে মহিলা সমিতির সক্রিয় সহযোগিতায় অনুষ্ঠিত হল স্বামী শিবময়ানন্দ স্মারক ত্রাণ ও সেবাকার্য। জলঙ্গি মহিলা সমিতিরই ভবন সংলগ্ন প্রাঙ্গনে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশনের বরিষ্ঠ সন্ন্যাসী স্বামী ভক্তিপ্রিয়ানন্দজী মহারাজ, প্রাক্তনী সংসদের সহ-সভাপতি শ্রী মনোজ ভট্টাচার্য ও সম্পাদক শ্রী শুভেন্দু মজুমদার এবং সংসদের কার্যনির্বাহী সমিতির অন্যতম সদস্য শ্রী গৌতম মুখোপাধ্যায়। একটি অতি সংক্ষিপ্ত অনুষ্ঠানে ৫০টি পরিবারের হাতে কম্বল তুলে দেওয়া হয়।



*স্বামী শিবময়ানন্দ স্মারক ত্রাণ ও সেবাকার্য*

**স্বামী প্রভানন্দ স্মারক গবেষণা তহবিল:** রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশনের অন্যতম সহ-সঙ্ঘাধ্যক্ষ পরম পূজনীয় স্বামী প্রভানন্দজী মহারাজের স্মরণে গবেষণাধর্মী কার্যে উৎসাহ প্রদান ও গবেষণার পরিকাঠমো উন্নয়নের জন্য

স্বামী প্রভানন্দ স্মারক তহবিল গঠন করা হয়েছে। ইতিমধ্যে এই তহবিলে ১০ হাজার টাকা সংগৃহীত হয়েছে। সকল প্রাক্তনী ও শুভানুধ্যায়ীগণের কাছে আমাদের আবেদন, আপনারা সকলে মুক্তহস্তে দান করে এই তহবিলকে সমৃদ্ধ করে তুলুন।

প্রাক্তনী সংসদের বিভিন্ন প্রকল্পের সঙ্গে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যুক্ত প্রত্যেক প্রাক্তনী ও শুভানুধ্যায়ীকে সংসদের পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা, অভিনন্দন ও কৃতজ্ঞতা জানাই।

**—শ্রী শুভেন্দু মজুমদার (কর্মসচিব)**

# বিবেকানন্দ সম্মেলন—দক্ষিণ ২৪ পরগণা জেলা

প্রতি বছরের ন্যায় এ বছরও রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির ও রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের উদ্যোগে বিবেকানন্দ সম্মেলন ২০২৩ আয়োজিত হয়েছিল নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন আশ্রমের সহযোগিতায়। এবারে সম্মেলন হয়েছিল পশ্চিমবঙ্গের দক্ষিণ ২৪ পরগনা জেলাকে কেন্দ্র করে। জেলাকে সাতটি নির্দিষ্ট জোনে ভাগ করা হয়েছিল। দিবসের প্রথমার্ধে বিদ্যালয়-মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয় স্তরের সাংস্কৃতিক ও যোগাসন প্রতিযোগিতা অনুষ্ঠিত হওয়ার পর দ্বিতীয় অর্ধে ছিল যুব সম্মেলনের আয়োজন। সমগ্র এই অনুষ্ঠানে অংশগ্রহণ ছিল নিম্নরূপ—

| তারিখ | জোন | প্রতিযোগী | যুব-প্রতিনিধি |
|---|---|---|---|
| ৩০ সেপ্টেঃ | সাগর | ১৫৮ | ৭০ |
| ১ অক্টোঃ | কাকদ্বীপ | ১৮৪ | ১৫১ |
| ১ অক্টোঃ | নিমপীঠ | ৪১৯ | ২১০ |
| ২ অক্টোঃ | জি-প্লট | ১৫২ | ১৮৬ |
| ২ অক্টোঃ | সরিষা | ৩১০ | ২৬০ |
| ২ অক্টোঃ | নরেন্দ্রপুর | ৫৭০ | ১৩৫ |
| ১২ অক্টোঃ | গোসাবা | ৩২০ | ২৪০ |

সম্মেলনের সমাপ্তি হয় ১৩ অক্টোবর ২০২৩ রামকৃষ্ণ মিশন আশ্রম নরেন্দ্রপুরে আয়োজিত শিক্ষক সম্মেলনের মাধ্যমে। এবারের বিবেকানন্দ সম্মেলনের সঙ্গে যুক্ত সকল সন্ন্যাসী, ব্রহ্মচারী, সাধারণ মানুষ, শিক্ষাকর্মী, অংশগ্রহণকারী প্রতিযোগী, স্বেচ্ছাসেবক, শিক্ষক, অভিভাবক, জোনাল আহ্বায়কসহ জেলার অন্তর্গত রামকৃষ্ণ মিশন আশ্রম, ভাব প্রচার পরিষদ আশ্রম ও গুচ্ছ-সমিতিগুলিকে বিদ্যামন্দির পরিবারের পক্ষ থেকে আন্তরিক প্রীতি, নমস্কার ও সম্ভাষণাদি জানাই।

**স্বামী মহাপ্রজ্ঞানন্দ**
**অধ্যক্ষ, বিদ্যামন্দির**



নরেন্দ্রপুর আশ্রমে সম্মেলন সংক্রান্ত প্রারম্ভিক আলোচনা



প্রবন্ধ প্রতিযোগিতায় ছাত্রছাত্রীরা



শিক্ষক সম্মেলন

## Details of Scholarship awarded to present students of Vidyamandira during 2022 - 2023

| Sl. No. | Name | Subject | Year | Amount |
|---|---|---|---|---|
| **Sw. Vimuktananda - Dhyanatmananda Memorial Scholarship (Total Rs.1,43,000)** | | | | |
| 1 | SUBHADIP JANA | Philosophy | UG- III | ₹ 12,300 |
| 2 | ARKA DALAL | Sanskrit | PG- II | ₹ 4,000 |
| 3 | ASIT MONDAL | Sanskrit | PG- II | ₹ 23,000 |
| 4 | BADAL TUDU | Sanskrit | PG- II | ₹ 8,780 |
| 5 | BISWANATH SADHUKHAN | Bengali | PG- II | ₹ 20,000 |
| 6 | LOKNATH DAI | Sanskrit | PG- II | ₹ 35,260 |
| 7 | REFAJ MALLICK | Sanskrit | PG- II | ₹ 39,590 |
| 8 | SUMIT ROY | Bengali | PG- II | ₹ 70 |
| **Asha-Jyoti Memorial Scholarship (Total Rs.9,000)** | | | | |
| 9 | PRASANTA SING SARDAR | Philosophy | UG- III | ₹ 6,100 |
| 10 | ASIM BERA | Microbiology | UG- III | ₹ 2,900 |
| **Graduates of 71 Scholarship (Total Rs.1,84,000)** | | | | |
| 11 | ASIM BERA | Microbiology | UG- III | ₹ 80 |
| 12 | ADWAITA GHOSH | Sanskrit | UG- III | ₹ 30,420 |
| 13 | ANUPAM MANNA | Sanskrit | UG- III | ₹ 39,860 |
| 14 | BISWAJYOTI BHATTACHARYA | Sanskrit | UG- III | ₹ 29,530 |
| 15 | SUMIT ROY | Bengali | PG- II | ₹ 50,710 |
| 16 | SWARUP MISHRA | Sanskrit | PG- II | ₹ 16,900 |
| 17 | TARIF HOSSAIN | Sanskrit | PG- II | ₹ 16,500 |
| **1971-74 Graduates Scholarship (Total Rs.42,000)** | | | | |
| 18 | NITHIN S | Physics | UG- III | ₹ 42,000 |
| **1976-79 Graduates Scholarship (Total Rs.68,000)** | | | | |
| 19 | NITHIN S | Physics | UG- III | ₹ 7,850 |
| 20 | RAKESH SANTRA | Sanskrit | UG- III | ₹ 11,000 |
| 21 | BISWAJYOTI BHATTACHARYA | Sanskrit | UG- III | ₹ 1,470 |
| 22 | DIP KUMAR MANNA | Sanskrit | UG- III | ₹ 10,260 |
| 23 | PRANAB MAITY | Sanskrit | UG- III | ₹ 37,420 |
| **1981-84 Batch Scholarship (Rs.14,000)** | | | | |
| 24 | PRANAB MAITY | Sanskrit | UG- III | ₹ 538 |
| 25 | PRITAM GHORUI | Philosophy | UG- III | ₹ 13,462 |

| | | | | |
|---|---|---|---|---|
| **Belur RKMV 1984-86 Batch Scholarship (Total Rs.10,000)** | | | | |
| 26 | PRITAM GHORUI | Philosophy | UG- III | ₹ 3,938 |
| 27 | PRODIP BAG | Philosophy | UG- III | ₹ 6,062 |
| **1989-91 HS Batch Scholarship (Total Rs.14,000)** | | | | |
| 28 | PRODIP BAG | Philosophy | UG- III | ₹ 14,000 |
| **2008 Graduates Scholarship (Total Rs. 24,000)** | | | | |
| 29 | PRODIP BAG | Philosophy | UG- III | ₹ 2,338 |
| 30 | RAHUL NAYAK | Sanskrit | UG- III | ₹ 21,662 |
| **2006-09 Batch Scholarship (Total Rs.4,000)** | | | | |
| 31 | RAHUL NAYAK | Sanskrit | UG- III | ₹ 4,000 |
| **Tarapada & Nirmala Basu Memorial Scholarship (Total Rs.25,000)** | | | | |
| 32 | RAHUL NAYAK | Sanskrit | UG- III | ₹ 2,690 |
| 33 | RANA BATABYAL | Sanskrit | UG- III | ₹ 20,000 |
| 34 | ROUNAK BISWAS | Sanskrit | UG- III | ₹ 2,310 |
| **Souvik Paul Memorial Scholarship (Total Rs.8,500)** | | | | |
| 35 | ROUNAK BISWAS | Sanskrit | UG- III | ₹ 8,500 |
| **Paresh Nath Dutta - Bandana Dutta Scholarship (Total Rs.8,500)** | | | | |
| 36 | ROUNAK BISWAS | Sanskrit | UG- III | ₹ 8,500 |
| **Giridhari Ghosh - Usharani Ghosh Memorial Scholarship (Total Rs.8,500)** | | | | |
| 37 | ROUNAK BISWAS | Sanskrit | UG- III | ₹ 8,500 |
| **Pradip Kumar Mitra Memorial Scholarship (Total Rs.13,000)** | | | | |
| 38 | ROUNAK BISWAS | Sanskrit | UG- III | ₹ 3,990 |
| 39 | SANJU SARDAR | Philosophy | UG- III | ₹ 9,010 |
| **Shibani Ghosh - Aparna Ghosh Memorial Scholarship (Total Rs.8,500)** | | | | |
| 40 | SANJU SARDAR | Philosophy | UG- III | ₹ 8,500 |
| **Anil Kr. Sinha Roy & Namita Sinha Roy Memorial Scholarship (Total Rs.8,500)** | | | | |
| 41 | SANJU SARDAR | Philosophy | UG- III | ₹ 8,500 |
| **Nirmalendu Sasmal Memorial Scholarship (Total Rs.79,500)** | | | | |
| 42 | SANJU SARDAR | Philosophy | UG- III | ₹ 1,490 |
| 43 | SOUMYADIP MALIK | Philosophy | UG- III | ₹ 9,800 |
| 44 | SRIMANTA BHANGI | Sanskrit | UG- III | ₹ 55,680 |
| 45 | SUMANTA DAS | Philosophy | UG- III | ₹ 12,530 |
| **Bhupati Panja Memorial Scholarship (Total Rs.7,800)** | | | | |
| 46 | SUMANTA DAS | Philosophy | UG- III | ₹ 1,470 |
| 47 | ARNAB KUMAR CHANDA | Microbiology | UG-III | ₹ 6,330 |
| **Total Amount of Scholarship Awarded: Rs.6,79,800** | | | | |